রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, আগস্ট ১৪, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/০৯ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ২৬২-আইন/২০১৭।**—বর্ডার গার্ড বাংলাদেশ আইন, ২০১০ (২০১০ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা "বর্ডার গার্ড বাংলাদেশ (জুনিয়র কর্মকর্তা, পদবিধারী বর্ডার গার্ড সদস্য ও সিপাহি) নিয়োগ বিধিমালা, ২০১৭" নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ বর্ডার গার্ড বাংলাদেশ আইন, ২০১০ (২০১০ সনের ৬৩ নং আইন);

(খ) **"জুনিয়র কর্মকর্তা"** অর্থ আইনের ধারা ৬ এর উপ-ধারা (১) এর দফা (খ) তে উল্লিখিত কোনো কর্মকর্তা;

(গ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) **"তালিকাভুক্ত বর্ডার গার্ড সদস্য"** অর্থ আইনের ধারা ২(২০) এ সংজ্ঞায়িত তালিকাভুক্ত বর্ডার গার্ড সদস্য;

(ঙ) **"তালিকাভুক্তিকারী কর্মকর্তা"** অর্থ বর্ডার গার্ড সদস্য তালিকাভুক্তির উদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;



**মূল্য ঃ** টাকা ১৬.০০

(চ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ছ) **"পদ"** অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;

(জ) **"পদবিধারী বর্ডার গার্ড সদস্য"** অর্থ আইনের ধারা ২(২২) এ সংজ্ঞায়িত পদবিধারী বর্ডার গার্ড সদস্য;

(ঝ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিল-১ এ উল্লিখিত যোগ্যতা;

(ঞ) **"বর্ডার গার্ড সদস্য"** অর্থ ধারা ২(২৮) এ সংজ্ঞায়িত বর্ডার গার্ড সদস্য;

(ট) **"মহাপরিচালক"** অর্থ আইনের ধারা ২(৩২) এ সংজ্ঞায়িত মহাপরিচালক;

(ঠ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি; এবং

(ড) **"স্বীকৃত বোর্ড"** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো শিক্ষাবোর্ড এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত কোনো বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিল-১ এর বিধানাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ প্রদান করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিল-১ এ উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোনো পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে তালিকাভুক্তির জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) বিবাহিত হন, অথবা এমন কোন ব্যক্তিকে বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন;

(গ) নিম্নরূপ শারীরিক যোগ্যতার অধিকারী না হন, যথাঃ—

(অ) পুরুষদের ক্ষেত্রে—

(১) উচ্চতা ন্যূনতম ১.৬৮ মিটারঃ

তবে শর্ত থাকে যে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও উপজাতিদের জন্য ন্যূনতম ১.৬৩ মিটার;

(২) ওজন ন্যূনতম ৪৯.৯০ কেজিঃ

তবে শর্ত থাকে যে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও উপজাতিদের জন্য ন্যূনতম ৪৭.১৭৩ কেজি;

(৩) বুক স্বাভাবিক অবস্থায় ন্যূনতম ০.৭৬ মিটার এবং স্ফীত অবস্থায় ন্যূনতম ০.৮১ মিটার;

(আ) মহিলাদের ক্ষেত্রে—

(১) উচ্চতা ন্যূনতম ১.৫৭৪ মিটারঃ

তবে শর্ত থাকে যে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও উপজাতিদের জন্য ন্যূনতম ১.৫২৪ মিটার;

(২) ওজন ন্যূনতম ৪৭.১৭৩ কেজিঃ

তবে শর্ত থাকে যে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও উপজাতিদের জন্য ন্যূনতম ৪৩.৫৪৪ কেজি;

(৩) বুক স্বাভাবিক অবস্থায় ন্যূনতম ০.৭১ মিটার এবং স্ফীত অবস্থায় ন্যূনতম ০.৭৬ মিটার;

(ঘ) কোনো ফৌজদারি অপরাধে অভিযুক্ত হইয়া উপযুক্ত কোনো আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হন; এবং

(ঙ) বাংলাদেশ সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও ভিডিপি এবং বর্ডার গার্ড বাংলাদেশ অথবা প্রজাতন্ত্রের অন্য কোনো চাকরি হইতে প্রাথমিক প্রশিক্ষণ চলাকালীন বা চাকরিরত অবস্থায় বহিষ্কৃত হন।

৫। **তালিকাভুক্তি, ইত্যাদি।—(১)** কোনো পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ সংবাদপত্র, ওয়েবসাইট বা অন্য কোনো মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন বিজ্ঞপ্তি প্রকাশের পর আগ্রহী প্রার্থীগণকে, বিধি ৪ এর বিধান সাপেক্ষে, বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমার মধ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতিতে নিবন্ধিত হইতে হইবে।

(৩) নিয়োগকারী কর্তৃপক্ষ, সিপাহি হিসাবে তালিকাভুক্তির উদ্দেশ্যে, উপ-বিধি (২) এর অধীন নিবন্ধিত ব্যক্তিগণকে নির্দিষ্ট তারিখ, সময় ও স্থানে তালিকাভুক্তিকারী কর্মকর্তার সম্মুখে হাজির হইবার জন্য মোবাইল ফোনে ক্ষুদেবার্তা (এসএমএস) প্রদানের মাধ্যমে অথবা অন্য কোনো পদ্ধতিতে নোটিশ প্রদান করিবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন নিবন্ধিত ব্যক্তিগণ উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত নোটিশে উল্লিখিত তারিখ, সময় ও স্থানে হাজির হইলে তাহাদের প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ করা হইবে এবং উক্ত পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তিগণের, ক্ষেত্রমত, লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষাসহ প্রয়োজনীয় অন্যান্য পরীক্ষা গ্রহণ করা হইবে।

(৫) নিয়োগকারী কর্তৃপক্ষ মেডিকেল বোর্ড গঠন করিয়া উপ-বিধি (৪) এর অধীন গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তিগণের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করিবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন গৃহীত চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় কোনো ব্যক্তি উত্তীর্ণ হইলে তালিকাভুক্তিকারী কর্মকর্তা তাহাকে—

(ক) চাকরির শর্তাবলি ও তফসিল-২ এ উল্লিখিত তালিকাভুক্তির ফরমে বর্ণিত শর্তাবলি পাঠ করিয়া শুনাইবেন ও ব্যাখ্যা করিবেন; এবং

(খ) অসত্য তথ্য প্রদান করিলে শাস্তি ভোগ করিতে হইবে মর্মে সর্তক করিবার পর, প্রশ্ন জিজ্ঞাসা করিবেন এবং প্রাপ্ত জবাব লিপিবদ্ধ করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন প্রাপ্ত জবাবের প্রেক্ষিতে তালিকাভুক্তিকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, সংশ্লিষ্ট ব্যক্তি তালিকাভুক্তির যোগ্য এবং তাহাকে তালিকাভুক্ত করিতে আইনগত কোনো বাধা নাই, তাহা হইলে তিনি তাহাকে সিপাহি হিসাবে তালিকাভুক্তকরত তালিকাভুক্তির ফরমে তাহার স্বাক্ষর গ্রহণ করিবেন এবং উহাতে নিজে স্বাক্ষর প্রদান করিবেন।

(৮) উপ-বিধি (৭) এর অধীন তালিকাভুক্ত ব্যক্তিকে তফসিল-২ এ উল্লিখিত তালিকাভুক্তির ফরমে হলফনামা প্রদান করিতে হইবে।

(৯) নিয়োগকারী কর্তৃপক্ষ এই বিধির অধীন গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মধ্য হইতে সরকার কর্তৃক, সময়ে সময়ে, জারীকৃত কোটা পদ্ধতি অনুসরণপূর্বক মৌলিক প্রশিক্ষণের জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করিবে এবং প্রশিক্ষণ কেন্দ্রে যোগদানের তারিখ হইতে সংশ্লিষ্ট ব্যক্তি সিপাহি পদে তালিকাভুক্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন।

(১০) এই বিধির অধীন তালিকাভুক্ত প্রত্যেক ব্যক্তির প্রাক্-পরিচয় সরকারের যথাযথ এজেন্সি কর্তৃক যাচাই করিতে হইবে এবং প্রাক্-পরিচয় যাচাই প্রতিবেদন সন্তোষজনক না হইলে, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে, সংশ্লিষ্ট ব্যক্তিকে উক্ত তালিকা হইতে বাদ দেওয়া হইবে।

(১১) এই বিধির অধীন তালিকাভুক্ত ব্যক্তিগণ নির্ধারিত প্রশিক্ষণ সফলতার সহিত সমাপনান্তে বর্ডার গার্ড সদস্য হিসাবে শপথ গ্রহণ করিবেন।

(১২) প্রশিক্ষণ সমাপনান্তে তালিকাভুক্ত বর্ডার গার্ড সদস্যগণকে তাহাদের মেধা ও যোগ্যতা এবং পছন্দ বিবেচনা করিয়া তফসিল-**১** এ বর্ণিত পদে সরাসরি নিয়োগ করা হইবে এবং তালিকাভুক্তির তারিখ হইতে তাহাদের জ্যেষ্ঠতা গণনা করা হইবে।

৬। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো বর্ডার গার্ড সদস্যের চাকরির প্রয়োজনীয় বৃত্তান্ত বা বার্ষিক গোপনীয় অনুবেদন সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) কোনো বর্ডার গার্ড সদস্য কেবল জ্যেষ্ঠতার কারণে অধিকার হিসাবে পদোন্নতি দাবি করিতে পারিবেন না।

(৪) কোনো বর্ডার গার্ড সদস্যকে চাকরির ক্ষেত্রে অসাধারণ কৃতিত্ব, কর্তব্যনিষ্ঠা এবং উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় অসামান্য ফলাফলের কারণে, ব্যতিক্রমী ক্ষেত্র হিসাবে, তফসিল-**১** এ বর্ণিত চাকরিকাল পূরণ সাপেক্ষে, পালা অতিক্রম করিয়া পদোন্নতি প্রদান করা যাইবে।

৭। **শিক্ষানবিশ**।—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তালিকাভুক্ত বর্ডার গার্ড সদস্যগণ তাহাদের মৌলিক প্রশিক্ষণ সময়কাল পর্যন্ত, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্তরূপ নিয়োগের তারিখ হইতে ৬(ছয়) মাসের জন্য—

নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারিবে, যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ৩(তিন) মাসের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৮। **বিশেষ বিধান**।—(১) মহাপরিচালক, আইনের ধারা ১৯ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, তফসিল-১ এর বিধানাবলি সাপেক্ষে, সরকারের পূর্বানুমোদনক্রমে কোনো জুনিয়র কর্মকর্তাকে পদোন্নতির মাধ্যমে অনারারি কর্মকর্তা হিসাবে ভূষিত করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উক্তরূপে পদোন্নতিপ্রাপ্ত হইলেও অনারারি কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত পদের দায়িত্বপ্রাপ্ত হইবেন না, তাহারা জুনিয়র কর্মকর্তা হিসাবেই পূর্বের পদের দায়িত্ব পালন করিবেন।

(২) তফসিল-১ এ উল্লিখিত কোনো পদের জনবলে ঘাটতি দেখা দিলে এবং তাৎক্ষণিকভাবে সরাসরি নিয়োগের মাধ্যমে উক্ত ঘাটতি পূরণ করা সম্ভব না হইলে মহাপরিচালক, বর্ডার গার্ড সদস্যদের সাধারণ পেশা (জিডি) হইতে স্থায়ীভাবে পেশা পরিবর্তনের মাধ্যমে উক্ত ঘাটতি পূরণ করিতে পারিবেন।

(৩) মহাপরিচালক, উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, বর্ডার গার্ড সদস্যদের সাধারণ পেশা (জিডি) এর মধ্য হইতে স্থায়ীভাবে পেশা পরিবর্তনের জন্য দরখাস্ত আহবান করিবেন এবং এতদুদ্দেশ্যে গঠিত বিভাগীয় নির্বাচনী কমিটির সুপারিশের ভিত্তিতে পেশা পরিবর্তনের মাধ্যমে সংশ্লিষ্ট জনবলের ঘাটতি পূরণ করিবেন।

(৪) পেশা পরিবর্তনের জন্য আবেদন করিতে হইলে আবেদনকারীর—

(ক) চাকরির মেয়াদ, বিধি ৫ এর বিধান মোতাবেক তালিকাভুক্তির তারিখ হইতে সর্বনিম্ন ১ (এক) বৎসর এবং সর্বোচ্চ ৬ (ছয়) বৎসরের মধ্য হইতে হইবে; এবং

(খ) সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা থাকিতে হইবে।

(৫) পেশা পরিবর্তনের মাধ্যমে কোন ব্যাক্তিকে কোন পদে নিয়োগ করা হইলে, তাহাকে পরিবর্তিত পদের জন্য নির্ধারিত প্রশিক্ষণে কৃতকার্য হইতে হইবে এবং কোনো ব্যক্তি উক্ত প্রশিক্ষণে অকৃতকার্য হইলে তাহাকে পূর্বের পদে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৬) উপ-বিধি (২) এ উল্লিখিত উদ্দেশ্য ছাড়াও কোনো বর্ডার গার্ড সদস্য তাহার পদের পেশাগত দায়িত্ব পালনে অক্ষম হইয়া পড়িলে মহাপরিচালক, সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশ বা বর্ডার গার্ড বাংলাদেশ এর স্বার্থে তাহার পদ পরিবর্তন করিয়া তাহাকে উপযুক্ত কোনো পদের স্থানান্তর করিতে পারিবেন।

(৭) যথাযথ আনুষ্ঠানিকতা পরিপালনপূর্বক নিম্নবর্ণিত পদসমূহ বিলুপ্ত হইলে উক্তরূপ বিলুপ্তির পূর্বে উক্ত পদসমূহে কর্মরত ব্যক্তিগণকে তফসিল-১ এ বর্ণিত সাধারণ পেশা (জিডি) এর বা সমমানের কোনো পদে স্থানান্তর এবং ক্ষেত্রমত, উক্ত পদের সহিত সমন্বয় করিয়া কোনো পদে পদোন্নতিসহ অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করা যাইবে, যথাঃ—

(ক) সুবেদার মেজর (ভিএম);

(খ) সুবেদার মেজর (টেকনিশিয়ান);

(গ) সুবেদার (আইডব্লিউটি);

(ঘ) সুবেদার (টেকনিশিয়ান);

(ঙ) হাবিলদার (আইডব্লিউটি);

(চ) নায়েক ড্রাফটসম্যান (জিডি);

(ছ) নায়েক সার্ভেয়ার (জিডি);

(জ) ন্যান্স নায়েক (ড্রাফটসম্যান/সার্ভেয়ার); এবং

(ঝ) সিপাহী (আইডব্লিউটি)।

(৮) পদোন্নতি, অবসর, পদত্যাগ, অপসারণ বা মৃত্যুজনিত কারণে উপ-বিধি (৭) এ উল্লিখিত কোনো পদ শূন্য হইলে উক্ত পদে নূতন কোনো নিয়োগ প্রদান করা হইবে না।

**তফসিল**

[ বিধি-৩, ৫(১২), ৬(৪), ৮(১), ৮(২) ও ৮(৭) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | অনারারি উপপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | অনারারি সহকারী পরিচালক হিসাবে কর্মরত। |
| ২। | অনারারি সহকারী পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | সুবেদার মেজর পদে কর্মরত। |
| ৩। | সুবেদার মেজর (জিডি) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সুবেদার (জিডি), সুবেদার (ভেহিক্যাল মেকানিক), সুবেদার (ইলেকট্রিশিয়ান) বা সুবেদার (আরমোরার) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৪। | সুবেদার মেজর (সিগন্যাল) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সুবেদার (সিগন্যাল) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৫। | সুবেদার মেজর (অফিস সহকারী) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সুবেদার (অফিস সহকারী) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৬। | সুবেদার মেজর (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সুবেদার (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৭। | সুবেদার মেজর (বাদক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সুবেদার (বাদক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮। | সুবেদার (জিডি) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েব সুবেদার (জিডি) বা নায়েব সুবেদার (মেকানিক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৯। | সুবেদার (সিগন্যাল) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েব সুবেদার (সিগন্যাল) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ১০। | সুবেদার (অফিস সহকারী) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েব সুবেদার (অফিস সহকারী) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ১১। | সুবেদার (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েব সুবেদার (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ১২। | সুবেদার (ভেহিক্যাল মেকানিক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েব সুবেদার (ভেহিক্যাল মেকানিক) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ১৩। | সুবেদার (আরমোরার) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েব সুবেদার (আরমোরার) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ১৪। | সুবেদার (ইলেকট্রিশিয়ান) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েব সুবেদার (ইলেকট্রিশিয়ান) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৫। | সুবেদার (বাদক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েব সুবেদার (বাদক) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ১৬। | নায়েব সুবেদার (জিডি) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হাবিলদার (জিডি) বা হাবিলদার (চালক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ১৭। | নায়েব সুবেদার (সিগন্যাল) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হাবিলদার (সিগন্যাল) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ১৮। | নায়েব সুবেদার (অফিস সহকারী) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হবিলদার (অফিস সহকারী) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ১৯। | নায়েব সুবেদার (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হাবিলদার (মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ২০। | নায়েব সুবেদার (ভেহিক্যাল মেকানিক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হাবিলদার (ভেহিক্যাল মেকানিক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ২১। | নায়েব সুবেদার (আরমোরার) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হাবিলদার (আরমোরার) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২২। | নায়েব সুবেদার (ইলেকট্রিশিয়ান) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হবিলদার (ইলেকট্রিশিয়ান) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ২৩। | নায়েব সুবেদার (বাদক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হবিলদার (বাদক) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ২৪। | নায়েব সুবেদার (মেকানিক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হবিলদার (মেকানিক) বা হাবিলদার (সেইলর) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ২৫। | হাবিলদার (জিডি) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (জিডি) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ২৬। | হাবিলদার (সিগন্যাল) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (সিগন্যাল) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ২৭। | হাবিলদার (অফিস সহকারী) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (অফিস সহকারী) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ২৮। | হাবিলদার (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ২৯। | হাবিলদার (ভেহিক্যাল মেকানিক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (ভেহিক্যাল মেকানিক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩০। | হাবিলদার (আরমোরার) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (আরমোরার) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৩১। | হাবিলদার (ইলেকট্রিশিয়ান) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (ইলেকট্রিশিয়ান) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৩২। | হাবিলদার (বাদক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (বাদক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৩৩। | হাবিলদার (মেকানিক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (মেকানিক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৩৪। | হাবিলদার (সেইলর) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (সেইলর) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৩৫। | হাবিলদার (চালক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) নায়েক (চালক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৩৬। | নায়েক (জিডি) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (জিডি) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৩৭। | নায়েক (সিগন্যাল) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (সিগন্যাল) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৮। | নায়েক (অফিস সহকারী) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (অফিস সহকারী) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৩৯। | নায়েক (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৪০। | নায়েক (ভেহিক্যাল মেকানিক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (ভেহিক্যাল) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৪১। | নায়েক (আরমোরার) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (আরমোরার) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৪২। | নায়েক (ইলেকট্রিশিয়ান) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (ইলেকট্রিশিয়ান) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৪৩। | নায়েক (বাদক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (বাদক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৪৪। | নায়েক (মেকানিক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (মেকানিক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৫। | নায়েক (সেইলর) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (সেইলর) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৪৬। | নায়েক (চালক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যান্স নায়েক (চালক) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৪৭। | ল্যান্স নায়েক (অফিস সহকারী) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি সহকারী, সিপাহি (সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর), সহকারী কাম মুদ্রক্ষরিক (সিপাহি), সিপাহি (অফিস সহকারী) বা সিপাহি (সহকারী কাম মুদ্রাক্ষরিক) পদে অন্যূন ৬(ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৪৮। | ল্যান্স নায়েক (জিডি) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি (জিডি) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৪৯। | ল্যান্স নায়েক (সিগন্যাল) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি (সিগন্যাল) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৫০। | ল্যান্স নায়েক (মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৫১। | ল্যান্স নায়েক (ভেহিক্যাল মেকানিক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি (ভেহিক্যাল মেকানিক) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫২। | ল্যান্স নায়েক (আরমোরার) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি (আরমোরার) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৫৩। | ল্যান্স নায়েক (ইলেকট্রিশিয়ান) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি (ইলেকট্রিশিয়ান) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৫৪। | ল্যান্স নায়েক (বাদক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি (বাদক) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৫৫। | ল্যান্স নায়েক (মেকানিক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি (মেকানিক) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৫৬। | ল্যান্স নায়েক (সেইলর) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি (সেইলর) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৫৭। | ল্যান্স নায়েক (চালক) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সিপাহি (চালক) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) প্রশিক্ষণসহ নির্ধারিত অন্যান্য শর্তাবলি পূরণ করিতে হইবে। |
| ৫৮। | (ক) সিপাই সহকারী;<br>(খ) সিপাহি (সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর);<br>(গ) সহকারী কাম মুদ্রাক্ষরিক (সিপাহি) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২০টি শব্দ এবং ইংরেজিতে ন্যূনতম ৩০টি শব্দ; এবং<br>(গ) এমএস ওয়ার্ড, এমএস এক্সেল ও এমএস পাওয়ার পয়েন্ট এর উপর বাস্তব অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫৯। | (ক) সিপাহি (অফিস সহকারী);<br><br>(খ) সিপাহী (সহকারী কাম মুদ্রাক্ষরিক) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২০টি শব্দ এবং ইংরেজিতে ন্যূনতম ৩০টি শব্দ; এবং<br>(গ) এমএস ওয়ার্ড, এমএস এক্সেল ও এমএস পাওয়ার পয়েন্ট এর উপর বাস্তব অভিজ্ঞতা। |
| ৬০। | সিপাহি (জিডি) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬১। | সিপাহি (সিগন্যাল) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৬২। | সিপাহি (মেডিকেল এ্যাসিস্ট্যান্ট) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৬৩। | সিপাহি (ভেহিক্যাল মেকানিক) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৬৪। | সিপাহি (আরমোরার) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৬৫। | সিপাহি (ইলেকট্রিশিয়ান) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৬৬। | সিপাহি (বাদক) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৬৭। | সিপাহি (মেকানিক) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৬৮। | সিপাহি (সেইলর) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৬৯। | সিপাহি (চালক) | ২৩ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

**তফসিল-২**
**[বিধি ৫(৬)(ক) ও ৫(৮) দ্রষ্টব্য]**
**তালিকাভুক্তির ফরম**
**বর্ডার গার্ড বাংলাদেশ**

সরকারি আদেশে উল্লিখিত সময়সীমার জন্য তালিকাভুক্ত করা যাইবে এবং কোনো অবস্থাতেই উক্ত সময়সীমা লংঘন করা যাইবে না।

**সৈনিকদের জন্য তালিকাভুক্তির ছক**

(তালিকাভুক্তির পূর্বে প্রার্থীকে নিম্নলিখিত ছক পূরণ করিতে হইবে। তালিকাভুক্তির পর যদি প্রমাণিত হয় যে, তালিকাভুক্ত ব্যক্তি ইচ্ছাকৃতভাবে অসত্য তথ্য সরবরাহ করিয়াছেন, তাহা হইলে তাহাকে বিদ্যমান আইন ও বিধি-বিধান মোতাবেক শাস্তি প্রদান করা হইবে।)

নং.......................................................পদবি...................................................
(অফিস কর্তৃক পূরণ হইবে) (অফিস কর্তৃক পূরণ হইবে)

নামঃ..............................................................................................................
পিতার নামঃ....................................................................................................
মাতার নামঃ....................................................................................................
ধর্মঃ..............................................................................................................
পেশাঃ নিজের......................... পিতার..................................মাতার.......................
জাতীয়তাঃ (জন্মগত না হইলে সংশ্লিষ্ট দেশের ঠিকানা, আগমনের তারিখ ও নিবন্ধিত হইয়াছেন কিনা বিস্তারিতভাবে লিখিতে হইবে)..........................................................................
......................................................................................................................
জন্ম তারিখ : ...................................................................................................
স্থায়ী ঠিকানা : মহল্লা/সড়ক-...................................গ্রাম-..........................................
ডাকঘর-.........................................................উপজেলা-..................................
জেলা-...............................................
মোবাইল নম্বর (যদি থাকে):...................................................
চাকরিরত থাকিলে তাহার বিবরণ:..........................................................
বিদ্যমান কোনো আইনে অভিযুক্ত হইয়া থাকিলে অপরাধের ধরন ও প্রযোজ্য ক্ষেত্রে, দণ্ড..............
পঙ্গুভাতা বা পেনশনধারী হইলে তাহার বিবরণ:................................................................
সরকারি চাকরি হইতে বরখাস্ত হইয়া থাকিলে তাহার বিবরণ:...............................................

ঘোষণা করিতে হইবে যে, প্রার্থী কখনও বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমান বাহিনী বা পুলিশ বাহিনীতে চাকরি করেন নাইঃ.........................................................................

তালিকাভুক্তির তারিখঃ.........................................................................
(অফিস কর্তৃক পূরণ হইবে)

তালিকাভুক্তির স্থানঃ.........................................................................
(অফিস কর্তৃক পূরণ হইবে)

অফিস সীলমোহর

উপরোল্লিখিত প্রার্থীকে তালিকাভুক্তির সিদ্ধান্ত গ্রহণ করা হইলে তাহাকে নিম্নবর্ণিত শর্তাবলি পাঠ করিয়া শুনাইতে হইবে এবং স্বাক্ষর গ্রহণ করিতে হইবে, যথা:—

১। আপনাকে আইন মোতাবেক তালিকাভুক্ত করা হইল। তালিকাভুক্তির তারিখ হইতে আপনি আপনার অধিনায়কের এবং বর্ডার গার্ড বাংলাদেশ এর জন্য প্রযোজ্য সকল আইন ও বিধি-বিধান মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

২। আপনাকে কমপক্ষে ৭ (সাত) বৎসর বর্ডার গার্ড বাংলাদেশ এ চাকরি করিতে হইবে এবং উক্ত সময়ের মধ্যে চাকরি হইতে অব্যাহতি গ্রহণের জন্য অনুরোধ বা আবেদন করিতে পারিবেন না।

৩। ৭ (সাত) বৎসর বর্ডার গার্ড বাংলাদেশ এ চাকরি করিবার পর চাকরি হইতে অব্যাহতি গ্রহণের জন্য আপনি আপনার অধিনায়কের নিকট আবেদন করিতে পারিবেন। আপনাকে চাকরি হইতে অব্যাহতি প্রদান করা উক্ত কর্মকর্তার নিকট যথাযথ বিবেচিত হইলে আবেদনপত্র দাখিলের ২ (দুই) মাসের মধ্যে আপনাকে চাকরি হইতে অব্যাহতি প্রদান করা হইবে এবং যথাযথ বিবেচিত না হইলে আপনাকে চাকরিতে বহাল থাকিতে হইবে। যুদ্ধকালীন সময়ে অথবা যুদ্ধ আসন্ন অবস্থায় আপনাকে চাকরি হইতে অব্যাহতি প্রদান করা হইবে না।

৪। যুদ্ধ চলাকালীন সময়ে চাকরি হইতে অব্যাহতি গ্রহণের জন্য আবেদন করিবার কোনো অধিকার আপনার থাকিবে না। তবে জরুরি অবস্থা অতিক্রান্ত হইবার পর উপরিউক্ত নিয়মে চাকরি হইতে অব্যাহতি গ্রহণের জন্য আবেদন করা যাইবে।

৫। চাকরি হইতে অব্যাহতি গ্রহণের পর পুনরায় তালিকাভুক্ত হইলে, পেনশনের জন্য আপনার পূর্ববর্তী চাকরি পরবর্তী চাকরির সহিত সংযুক্ত করিবার কোনো অধিকার থাকিবে না।

৬। বর্ডার গার্ড বাংলাদেশে চাকরিরত অবস্থায় আপনি কোনো রাজনৈতিক দলের সদস্য হইতে বা উক্ত দলের সহিত কোনোভাবে যুক্ত হইতে পারিবেন না।

৭। সরকারি কাজে আপনাকে যেস্থানেই বদলি করা হউক না কেন, আপনি সেইস্থানে গমন করিতে কোনো প্রকার আপত্তি করিতে পারিবেন না।

**হলফনামা**

আমি (প্রার্থীর নাম) ............................................................... এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, আমার প্রদত্ত উপরিউক্ত তথ্যাবলি সত্য এবং উপরিউক্ত শর্তাবলি আমি মানিয়া চলিতে বাধ্য থাকিব।

| **১। সাক্ষী** | **২। সাক্ষী** | প্রার্থীর স্বাক্ষর ......... |
|---|---|---|
| নাম...................................... | নাম................................. | তারিখ................... |
| পদ..................................... | পদ................................. | |
| গ্রাম..................................... | গ্রাম................................ | |
| ডাকঘর................................ | ডাকঘর............................ | |
| থানা.................................... | থানা................................ | |
| জেলা................................... | জেলা............................... | |
| তারিখ.................................. | তারিখ.............................. | |

**তালিকাভুক্তিকারী কর্মকর্তার প্রত্যয়নপত্র**

প্রার্থীকে যে পদে তালিকাভুক্ত করা হইল তাহার শর্তাবলি আমার সম্মুখে প্রার্থীকে পাঠ করিয়া শোনানো হইয়াছে ও বোধগম্য করা হইয়াছে। আমি সন্তুষ্টচিত্তে ব্যক্ত করিতেছি যে, প্রার্থী সকল বিষয় বুঝিয়া স্বাক্ষর করিয়াছেন এবং চাকরির শর্ত মানিয়া চলিতে সম্মত আছেন।

...............................

**(স্বাক্ষর)**

তালিকাভুক্তির স্থান.................................. নাম..........................................

তালিকাভুক্তির তারিখ............................... পদ...........................................

(ইউনিটসহ পদের নাম, ইত্যাদি)

অফিস সীলমোহর................................... ................................................

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল উদ্দিন আহ্‌মেদ**

সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd